
৪৮

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. ৯ 1999
পৃষ্ঠা ২ কলাম ৩



*ভিসি একে আজাদ চৌধুরীর নিকট বই হস্তান্তর করিতেছেন মোঃ নূরুল হক*

## ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের জন্য লক্ষাধিক টাকার পুস্তক দান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও প্রভাষক এবং বর্তমানে যুক্তরাষ্ট্রের আইওয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ আব্দুল হক শরীফ ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের জন্য লক্ষাধিক টাকা মূল্যের বই দান করিয়াছেন। দাতার ছোট ভাই মোঃ নূরুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও উন্নয়ন সার্কেল, ঢাকা ওয়াসা গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ, কে, আজাদ চৌধুরীর নিকট বইগুলি হস্তান্তর করেন। ভিসি ভবনস্থ অফিসে আয়োজিত বই হস্তান্তর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহম্মদ সেলিম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ডঃ মুহাম্মদ সিরাজুল ইসলাম এবং দাতার পরিবারের কয়েকজন সদস্য।

হস্তান্তরকৃত পদার্থবিদ্যা, পরিসংখ্যান এবং ইলেকট্রনিক্স বিষয়ের বইগুলি স্নাতকোত্তর শ্রেণী এবং পিএইচডি গবেষণার জন্য সহায়ক হইবে। —প্রেস বিজ্ঞপ্তি